

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫০৩

কৈলাসহর, ২২ জুন, ২০২৪

উনকোটি জেলাভিত্তিক ১০ম আন্তর্জাতিক যোগা দিবস

উনকোটি জেলাভিত্তিক ১০ম আন্তর্জাতিক যোগা দিবস গতকাল কৈলাসহরের উনকোটি কলাক্ষেত্রে উদযাপন করা হয়। কৈলাসহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা দেবরায় অনুষ্ঠানের উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন উনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাস, জেলাশাসক ও সমাহৃতা দিলীপ কুমার চাকমা, জেলা শিক্ষা আধিকারিক প্রশাস্ত কিলিকদার প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উনকোটি জিলা পরিষদের সহকারি সভাধিপতি শ্যামল দাস। স্বাগত বক্তব্য রাখেন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সহাধিকর্তা অমিত যাদব। উদ্বোধনী অনুষ্ঠানের পর বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা ও অতিথিগণ সমবেত যোগা প্রদর্শনীতে অংশ নেন। জেলাভিত্তিক আন্তর্জাতিক যোগা দিবস উপলক্ষে এক বর্ণাত্য র্যালি কৈলাসহর পুর পরিষদ এলাকার বিভিন্ন পথ পরিক্রমা করে। র্যালিতে বিভিন্ন দপ্তরের কর্মী, বিদ্যালয়ের ছাত্রছাত্রী ও বেসরকারি প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ অংশ নেন।
